



স্মারক নং-২৭.১২.৯০৮৯.৫৬২.০৭.০২৩.২১. ২৬৫০

তারিখ :- ১২ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ  
২৬ জুন, ২০২১ খ্রিস্টাব্দ

“বিজ্ঞপ্তি”

**বিষয় :- ২০২১-২০২২ অর্থ বৎসরে অত্র সমিতির তালিকাভুক্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা নবায়ন প্রসঙ্গে।**

আগামী ২০২১-২০২২ অর্থ বৎসরে সুনা মগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জন্য নতুন লাইন নির্মাণ, পোল/ লাইন স্থানান্তর, লাইন রক্ষনাবেক্ষন, ফিডারের লোড ব্যালেন্সিং, ট্রান্সফরমার আপ-গ্রেডিং, মৌসুম শেষে সেচ ট্রান্সফরমার স্থাপন/অপসারণ, পোল নাম্বারিং কাজ করার উদ্দেশ্যে অত্র সমিতির তালিকাভুক্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠানের পূর্বযোগ্যতা নবায়নের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**শর্তাবলী :**

- ০১। নিজেস্ব লেটার হেড প্যাডে দরখাস্তের মাধ্যমে সমিতির ক্যাশ শাখায় নগদ ৫০০.০০ (পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) জমা প্রদান সাপেক্ষে আগামী ০৮-০৭-২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সমিতির সদর দপ্তর ক্যাশ শাখা হইতে অফিস চলাকালীন সময়ে নবায়ন ফরম সংগ্রহ করা যাবে।
- ০২। নবায়ন ফরম আগামী ১৫/০৭/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সমিতির সদর দপ্তরে জমা প্রদান করতে হবে।
- ০৩। বৈদ্যুতিক লাইন নির্মাণ কাজের হালনাগাদ ঠিকাদারী লাইসেন্স, ট্রেড লাইসেন্স, চলতি আয়কর সার্টিফিকেট, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট, ক, খ, গ বৈদ্যুতিক সুপারভাইজারী লাইসেন্স এবং অন্যান্য আনুষঙ্গিক প্রয়োজনীয় সনদ পত্রের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সহিত জমা প্রদান করতে হবে।
- ০৪। বাংলাদেশ পল্লীবিদ্যুতায়ন বোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত লাইন সুপারভাইজার, লাইনম্যানদের নাম ও অভিজ্ঞতার সার্টিফিকেট এবং প্রয়োজনীয় টুলস এর তালিকা আবেদনপত্রের সহিত জমা প্রদান করতে হবে।
- ০৫। বিভিন্ন সময়ে বাপবিবো/পবিস কর্তৃক যে কোন ধরনের সিদ্ধান্ত/নীতিমালা জারী করা হলে তা মানতে বাধ্য থাকবেন মর্মে প্রত্যায়নপত্র, আবেদন পত্রের সহিত দাখিল করতে হবে।
- ০৬। ২০২০-২০২১ খ্রিঃ অর্থ বৎসরের পূর্ব যোগ্যতার সত্যায়িত ফটোকপি নবায়ন ফরমের সহিত সংযুক্ত করতে হবে।
- ০৭। পবিস নির্দেশিকা ১০০-৫২ মোতাবেক অত্র সমিতির আওতায় কর্মরত বাপবিবো'র প্রশিক্ষণপ্রাপ্ত লোকবল অন্য কোন সমিতিতে কর্মরত নাই মর্মে অঙ্গীকারনামা নবায়ন ফরমের সহিত সংযুক্ত করতে হবে। অন্য কোন সমিতিতে কর্মরত থাকার প্রমাণ পাওয়া গেলে পূর্ব-যোগ্যতা বাতিল করা হবে।
- ০৮। আপনার প্রতিষ্ঠান কয়টি সমিতিতে তালিকাভুক্ত (সাময়িক/স্থায়ী) আছে, তাহার প্রতিবেদন নবায়ন ফরমের সহিত সংযুক্ত করিতে হইবে।
- ০৯। নির্ধারিত সময়ের পর আবেদন পত্র বিক্রয়/গ্রহন করা হবে না।
- ১০। অসম্পূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হবে।
- ১১। শুধুমাত্র সুনা মগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির তালিকাভুক্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠান নবায়নের জন্য আবেদন করতে পারবেন।
- ১২। আগামী ২৬/০৭/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকার সময় নবায়ন মূল্যায়ন কমিটির নিকট দাখিলকৃত সকল দলিলাদির মূলকপি, ব্যবহৃত টুলস এবং লোকবলসহ উপস্থিত থাকিতে হইবে।

১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন পত্র বাতিল করার অধিকার কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

১৪। আবেদিত প্রতিষ্ঠান ৩০০ টাকার স্ট্যাম্প প্রতিষ্ঠানের মালিকের স্বাক্ষরটি নোটারী পাবলিক করে জমা প্রদান করতে হবে।

স্বাক্ষর:

(সুজিত কুমার বিশ্বাস)  
জেনারেল ম্যানেজার(চঃদাঃ)।

অনুলিপি :-

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিলেট জোন, বাপবিবো, সিলেট।
- ০২। জেনারেল ম্যানেজার/সিনিয়র জেনারেল ম্যানেজার -----১/২/৩।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, সুনামগঞ্জ।
- ০৪। প্রকল্প প্রকৌশলী, টিএসএল, সুনামগঞ্জ পবিস।
- ০৫। ডিজিএম(সদর দপ্তর-কারিগরি)/ডিজিএম(ছাতক জোনাল অফিস), সুনামগঞ্জ পবিস।
- ০৬। এজিএম (ওএন্ডএম/অর্থ/প্রশাসন/সদস্য সেবা), সুনামগঞ্জ পবিস। → এজিএম (প্রশাসন) কে সমিতির ওয়েবসাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। মিনি ঠিকাদার(সকল)।
- ০৮। নোটিশ বোর্ড, সুনামগঞ্জ পবিস।
- ০৯। অফিস / মাষ্টারকপি।

স্বাক্ষর

(সুজিত কুমার বিশ্বাস)  
জেনারেল ম্যানেজার(চঃদাঃ)।

স্বাক্ষর